

শ্রান্তি আলস বিষাদ

বিলাস দ্বিধা বিবাদ

দূর কর রে ।

চল রে,—চল রে কল্যাণে,

চল রে অভয়ে, চল রে আলোকে,

চল বলে ।

দুখ শোক পরিহরি

মিল রে নিখিলে নিখিলনাথে ॥

বিপুল তরঙ্গ রে বিপুল তরঙ্গ রে ।

সব গগন উদ্বেলিয়া, মগন করি' অতীত অনাগত

আলোকে উজ্জ্বল, জীবনে চঞ্চল,

এ কি আনন্দ তরঙ্গ ॥

তাই, তুলিছে দিনকর চন্দ্র তারা,

চমকি কম্পিছে চেতনাধারা,

আকুল চঞ্চল নাচে সংসার,

কুহরে হৃদয় বিহঙ্গ ॥

প্রচণ্ড গর্জনে আসিল এ কি হুদ্দিন ।

দারুণ ঘনঘটা, অবিরল অশনি তর্জ্জন

গান

ঘন ঘন দামিনী-ভুজঙ্গ-ক্ষত যামিনী,
অম্বর করিছে অন্ধ নয়নে অশ্রু বরিষণ ॥
ছাড় রে শঙ্কা, জাগ ভারু অলস,
আনন্দে জাগাও অন্তরে শক্তি ।
অকুণ্ঠ আঁখি মেলি হের প্রশান্ত বিরাজিত,
মহাভয় মহাসনে অপরূপ মৃত্যুঞ্জয়রূপে ভয়হরণ

অনেক দিয়েচ নাথ,
আমার বাসনা তবু পূরিল না ॥
দীন দশা ঘুচিল না, অশ্রুবারি মুছিল না—
গভীর প্রাণের তৃষা মিটিল না মিটিল না ॥
দিয়েচ জীবন মন, প্রাণপ্রিয় পরিজন,
স্বধাস্নিগ্ধ সর্মাষণ, নীলকান্ত অম্বর,
শ্যামশোভা ধরণী ।
এত যদি দিলে সখা, আরও দিতে হবে হে,
তোমারে না পেলে আমি, ফিরিব না ফিরিব না ॥

অন্ধ জনে দেহ আলো, মৃত জনে দেহ প্রাণ ।
তুমি করুণামৃতসিঞ্চ কর করুণা-কণা দান ॥
শুদ্ধ হৃদয় মম কঠিন পামাণসম,
প্রেম-সলিল-ধারে সিঞ্চহ শুদ্ধ নয়ান ॥